

# প্রাথমিকের শিক্ষার্থীরা টিফিনে পাবে দুধ-কলা-ডিম

নিজস্ব  
প্রতিবেদক

২৩ জুন, ২০২৪  
২০:১৫

শেয়ার

অ +

অ -



দুই বছর ধরে বন্ধ আছে প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের মিড-ডে মিল কর্মসূচি। বিগত সময়ে এই কর্মসূচিতে শিক্ষার্থীদের বিস্কুট দেওয়া হতো। পরে সিদ্ধান্ত আসে, দুপুরে ছাত্র-ছাত্রীদের জন্য খিচুরির ব্যবস্থা করা হবে। সেই সিদ্ধান্ত আর বাস্তবায়ন হয়নি।

তবে আগামী মাস থেকে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের টিফিনে রুটি, দুধ, কলা ও ডিম দেওয়া হবে বলে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে।

সূত্র জানিয়েছে, বান্দরবান ও কক্সবাজার জেলার বিদ্যালয় দিয়ে এই কর্মসূচি শুরু হচ্ছে। এরপর ধাপে ধাপে সব বিদ্যালয়েই চালু হবে মিড-ডে মিল।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব ফরিদ আহাম্মদ বলেন, ‘মিড-ডে মিলে বনরুটি, ডিম, কলা এবং স্থানীয় যে মৌসুমী ফল আছে সেগুলো পাবে।

একটা মডালিটিতে এটা পরিচালিত হবে। ধাপে ধাপে সকল উপজেলায় আমরা এই কর্মসূচি সম্প্রসারণের চেষ্টা করব।’

## আরও পড়ুন



ছুটি কমেছে স্কুল-কলেজে, প্রাথমিক বিদ্যালয় খুলবে কবে?

মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, ১৫০টি উপজেলার ৩৭ লাখ শিক্ষার্থীকে মিড-ডে মিল দেওয়া হবে। প্রকল্পটির জন্য এরই মধ্যে বরাদ্দ দেওয়া হয়েছে ১ হাজার ১৫১ কোটি টাকা।

জুলাই থেকে চালু হচ্ছে কক্সবাজার ও বান্দরবান জেলার ১ হাজার ৯৫টি স্কুলে। এরপর ধাপে ধাপে সব উপজেলায় দেওয়া হবে এই খাবার।